# দায়িত্ব সহকারে গেম খেলার নীতি

গৃহীত হয়েছে: 25.03.2025
সর্বশেষ আপডেট হয়েছে: 25.03.2025

দায়িত্ব সহকারে গেম খেলার নীতিটি তৈরি করেছে New Entertainment Development N.V. নামক একটি আইনি সত্তা, যেটি Curaçao-এর আইন অনুসারে নিবন্ধিত, এই নিবন্ধনের নম্বর: 162581 এবং নিবন্ধিত ঠিকানা Abraham de Veerstraat 1।

**সংজ্ঞা**

**"ওয়েবসাইট"** বলতে www.4rabet.com এবং এর সকল বিকল্প সাইটগুলোকে বোঝানো হয়।
**"লাইসেন্স"** বলতে সংশ্লিষ্ট গেমিং কর্তৃপক্ষ কর্তৃক কোম্পানিকে প্রদত্ত লাইসেন্স বা অস্থায়ী সার্টিফিকেটকে বোঝানো হয়, যা লাইসেন্সের পরিবর্তে ব্যবহৃত হয়।
"**কোম্পানি**" বা "**আমরা"** বলতে New Entertainment Development N.V. নামক একটি আইনি সত্তাকে বোঝানো হয়, যেটি Curaçao-এর আইন অনুসারে নিবন্ধিত, এই নিবন্ধনের নম্বর: 162581 এবং নিবন্ধিত ঠিকানা Abraham de Veerstraat 1।
**"খেলোয়াড়"** হলেন এই ওয়েবসাইট ব্যবহারকারী ব্যক্তি।
যে পরিস্থিতিতে খেলোয়াড় স্বেচ্ছায় ওয়েবসাইটের সমস্ত বা নির্দিষ্ট কিছু অনলাইন গেমিং সম্পর্কিত কার্যকলাপ থেকে দূরে থাকেন, সেই ঘটনাকে "**স্বেচ্ছা-বর্জন**" বলা হয়।
**"কুলিং অফ"** বলতে নির্দিষ্ট সময়সীমাকে বোঝানো হয়, যে সময়ের মধ্যে খেলোয়াড় ওয়েবসাইটে সাময়িকভাবে জুয়া খেলতে পারেন না বা তাকে জুয়া খেলতে বাধা দেওয়া হয়।

**1. ভূমিকা**

1.1. কোম্পানি খেলোয়াড়কে নিরাপদ, ন্যায্য ও দায়িত্বশীল খেলার পরিবেশ প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। Curaçao-এর অধিভুক্ত ক্ষেত্রে লাইসেন্সপ্রাপ্ত অপারেটর হিসাবে, আমাদের দায়িত্ব সহকারে গেম খেলার অনুশীলনের প্রচার ও খেলোয়াড়কে জুয়া খেলার সম্ভাব্য ঝুঁকি থেকে সুরক্ষিত রাখার দায়িত্ব রয়েছে।

1.2. জুয়া খেলার সাথে সম্পর্কিত সমস্যাগুলো খারাপ মানসিক স্বাস্থ্যের সাথে জড়িত এবং এই স্বাস্থ্যের অবনতির ফলে বিষণ্নতা, উদ্বেগ ও আত্মহত্যার চিন্তাভাবনার মতো পরিস্থিতি সৃষ্টি হতে পারে। এছাড়াও, পারিবারিক সম্পর্ক, কর্মক্ষেত্র ও শিক্ষাগত কর্মদক্ষতাতেও এর খারাপ প্রভাব পড়তে পারে, এমনকি এর ফলে দেউলিয়া হয়ে যাওয়া বা অপরাধ করার প্রবণতাও দেখা দিতে পারে।

1.3. জুয়া খেলাকে অবসর উপভোগ করার একটি পদ্ধতি হিসাবে গণ্য করতে হবে, অর্থ উপার্জনের পথ হিসাবে নয়।

1.4. দুর্ভাগ্যবশত, কিছু কিছু ক্ষেত্রে জুয়া খেলার অপব্যবহার সমস্যা সৃষ্টি করতে পারে। আমরা আমাদের গ্রাহকদের খেয়াল রাখি এবং তাদের নিরাপদ ও নির্ভরযোগ্য পরিষেবা দেওয়ার সর্বোত্তম প্রচেষ্টা করি, যেন তারা সেই পরিষেবাটি কোনোরকম ক্ষতিকর প্রভাব ছাড়াই ব্যবহার করতে পারেন।

## 2. অপ্রাপ্তবয়স্কদের জুয়াখেলা

2.1. কোম্পানি (18 বছরের কম বয়সী) অপ্রাপ্তবয়স্কদের জুয়া খেলতে দেয় না।

2.2. আমরা অপ্রাপ্তবয়স্ক ও মানসিক ঝুঁকির সম্মুখীন লোকেদের কাছে আমাদের পণ্য ও পরিষেবার প্রচার করি না।

2.3. আমরা নিশ্চিত করছি যে, বিজ্ঞাপন, স্পনসরশিপ ও বিপণন সংক্রান্ত কার্যকলাপে অপ্রাপ্তবয়স্কদের আমাদের পরিষেবার প্রতি আকৃষ্ট করার উদ্দেশ্যে কোনও তথ্য দেওয়া হয় না।

2.4. যদি আপনার কম্পিউটার আপনি ছাড়াও অপ্রাপ্তবয়স্ক কেউ ব্যবহার করে, তাহলে আপনাকে নিশ্চিত করতে হবে সে যেন আপনার ইউজারনেম, পাসওয়ার্ড ও ব্যাংকের তথ্য না জানে।

2.5. আমাদের সব খেলোয়াড় আইনত প্রাপ্তবয়স্ক, তা নিশ্চিত করার জন্য নিয়মিত আমরা দৈবচয়নের ভিত্তিতে খেলোয়াড়দের বয়স যাচাই করি। এই প্রক্রিয়ায় খেলোয়াড়কে সরকার দ্বারা জারি করা বৈধ কোনো শনাক্তকারী নথি, যেমন পাসপোর্ট, ন্যাশনাল ID কার্ড বা ড্রাইভিং লাইসেন্স দিয়ে নিজের জন্মতারিখ নিশ্চিত করতে হয়। এছাড়াও, আমরা অতিরিক্ত নথি, যেমন নিজের সেলফি বা ঠিকানার প্রমাণপত্র চাইতে পারি, বয়স যাচাইকরণের জন্য এর বাইরে আমরা তৃতীয় পক্ষের ডেটাবেসও ব্যবহার করতে পারি।

2.5.1. একটি স্বয়ংক্রিয় সিস্টেমে প্রত্যয়িত তৃতীয় পক্ষের পরিষেবার মাধ্যমে এই নথির অনুরোধ করা হয়

2.6. যতক্ষণ না আমরা প্রয়োজনীয় তথ্য পাই ও সুস্পষ্টভাবে নিশ্চিত করতে পারি যে আপনি আইনত প্রাপ্তবয়স্ক, ততক্ষণ আপনার ব্যক্তিগত অ্যাকাউন্টের ব্যবহার সীমিত করা হতে পারে এবং তহবিলও স্থগিত করা হতে পারে।

2.7. বাজি ধরা ও জুয়া খেলার আইনত বয়স দেশের আইন অনুসারে স্থির করা হয় এবং সাধারণত, তা 18 বছরই ধরা হয়।

2.7. আমাদের গ্রাহকদের বুঝতে হবে যে, ওয়েবসাইটে বৈধ নিবন্ধনের জন্য তারাই দায়ী থাকেন।

2.8. আমরা শিশুদের মা-বাবাকে নিম্নলিখিত সফটওয়্যার ব্যবহার করে শিশুদের অনলাইন গেমিং ওয়েবসাইট অ্যাক্সেস করা আটকানোর পরামর্শ দিই:

- Net Nanny
- CyberPatrol
- GamBlock®
- Solid Oak Software

## 3. স্ব-মূল্যায়ন

3.1. আমরা খেলোয়াড়কে নিয়মিত নিজের জুয়া খেলার আসক্তি মূল্যায়ন করার পরামর্শ দিই, যাতে তিনি পরিমিত জুয়া খেলার মধ্যেই নিজেকে সীমাবদ্ধ রাখেন। খেলোয়াড়কে স্ব-মূল্যায়নের কাজে সাহায্য করার জন্য বিভিন্ন টুল উপলভ্য রয়েছে, যেখানে জুয়া খেলার ফলে উদ্‌ভূত মানসিক সমস্যার সম্ভাব্য লক্ষণ চিহ্নিত করার জন্য একটি প্রশ্নমালার সিরিজ দেওয়া আছে। এই টুলগুলো খেলোয়াড়কে জুয়া খেলা সম্পর্কে অবহিত সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

3.2. Gamblers Anonymous এর একটি পরীক্ষা আছে, যা সাধারণত ব্যবহার করা হয় – এটি হলো 20টি প্রশ্ন বিশিষ্ট একটি ক্যুইজ, যা এর ওয়েবসাইটেই পেয়ে যাবেন। https://gamblersanonymous.org/20-questions/

3.3. CAGE প্রশ্নমালা (জুয়ার জন্য উপযোগী করা হয়েছে)

খেলোয়াড়কে সততার সাথে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিতে বলা হয়:

1. **C – Cut Down বা কমিয়ে দেওয়া:** কখনো কি মনে হয়েছে, আপনার জুয়া খেলার পরিমাণ কমানো উচিত?
2. **A – Annoyed বা বিরক্ত:** লোকজন আপনার জুয়া খেলার অভ্যাস নিয়ে সমালোচনা করলে, আপনি কি বিরক্তবোধ করেছেন?
3. **G – Guilty বা দোষ দেওয়া:** আপনি কি জুয়া খেলা নিয়ে কখনো নিজেকে দোষারোপ করেছেন?
4. **E – Eye-Opener বা দৃষ্টিভঙ্গি পরিবর্তনকারী:** জুয়া খেলায় হওয়া ক্ষতি সামলে ওঠার জন্য বা নিজেকে শক্ত রাখার জন্য আপনাকে কি কখনও কিছু খেতে হয়েছে?

ফলাফলের ব্যাখ্যা

- 0টি "হ্যাঁ" উত্তর: জুয়া খেলা সংক্রান্ত সমস্যা হওয়ার সম্ভাবনা কম।
- 1টি "হ্যাঁ" উত্তর: মধ্যম মাত্রার ঝুঁকি রয়েছে, আরও মূল্যায়ন করা প্রয়োজন।
- 2 বা ততোধিক "হ্যাঁ" উত্তর: উচ্চ ঝুঁকি রয়েছে; পরবর্তী মূল্যায়ন ও পদক্ষেপ গ্রহণের দৃঢ় সুপারিশ করা হচ্ছে।

যদি খেলোয়াড় স্ব-মূল্যায়নের টুল ব্যবহার করে জুয়া খেলা নিয়ে সমস্যা রয়েছে দেখতে পান, তাহলে তাকে বিভিন্ন দায়িত্বশীল গেমিং টুল (যেমন কুলিং পিরিয়ড ও জুয়া থেকে নিজেকে বিরত থাকা) ব্যবহার করার পরামর্শ দেওয়া হয়।

## 4. প্রশিক্ষণ

4.1. দায়িত্ব সহকারে জুয়া খেলার মান সমুন্নত করার জন্য, কোম্পানি তার ওয়েবসাইটে কর্মরত সকল কর্মীদের ব্যাপক প্রশিক্ষণ দেয়।

4.2. যেসব **কর্মীরা** সরাসরি গ্রাহকদের সাথে কথাবার্তা বলেন (যেমন সাহায্য প্রদানকারী কর্মী, VIP ম্যানেজার ও দায়িত্ব সহকারে জুয়া খেলা সংক্রান্ত বিশেষজ্ঞ), তাদেরকে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয় যাতে তারা গ্রাহকদের জুয়া খেলার আসক্তির লক্ষণ চিহ্নিত করতে পারেন, স্বেচ্ছায় জুয়া খেলা থেকে বিরত থাকার অনুরোধে প্রতিক্রিয়া জানান এবং ঝুঁকি সম্পন্ন খেলোয়াড়দের সাথে কার্যকরীভাবে কথাবার্তা বলতে পারেন। অতিরিক্তভাবে, তাদের বার্ষিক রিফ্রেশার কোর্সও করানো হয়, যাতে তারা নতুন নীতিমালা ও সুপরিচিত পদ্ধতি সম্পর্কে ওয়াকিবহাল থাকতে পারেন।

4.3. **বিপণন অংশীদার ও সহযোগীদেরও** কোম্পানির পণ্যের প্রচার করার আগে দায়িত্ব সহকারে জুয়া খেলার প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হয়। তাদের কঠোর নির্দেশিকা মেনে চলতে হয়, যে নির্দেশিকা অনুসারে অপ্রাপ্তবয়স্ক বা দুর্বল গোষ্ঠীকে টার্গেট করা এবং দায়িত্বজ্ঞানহীন বিপণন বার্তা ব্যবহার করা নিষিদ্ধ।

4.4. যে সব **সোশ্যাল মিডিয়া ইনফ্লুয়েন্সার** কোম্পানির সাথে সহযোগিতা বা কোলাবরেশন করেন, তাদেরকেও দায়িত্ব সহকারে জুয়া খেলার নীতি সম্পর্কে নির্দেশিকা দেওয়া হয় এবং অপ্রাপ্তবয়স্ক বা দুর্বল অডিয়েন্সদের কাছে প্রচার না করার কঠোর নিষেধাজ্ঞা জানানো হয়। ইনফ্লুয়েন্সারদের সব কনটেন্টে অবশ্যই দায়িত্বশীলভাবে জুয়া খেলার সতর্কতা দিতে হবে এবং তাতে জুয়া সম্পর্কে কোনো বিভ্রান্তিকর বা অতিরঞ্জিত তথ্য বা ধারণা দেওয়া যাবে না। ইনফ্লুয়েন্সার এই মানদণ্ড পূরণ করতে না পারলে, কোম্পানি তার সাথে অংশীদারিত্ব বাতিল করতে পারে।

### 5. কুলিং অফ

5.1. কোম্পানি প্ল্যাটফর্মে প্রযুক্তিগত সামঞ্জস্য করে খেলোয়াড়দের 24-ঘণ্টা, 7 দিন, 1 মাস বা 3 মাসের কুলিং অফ সময়কালের বিকল্প দেয়, যে সময়কাল শুরু করার পর খেলোয়াড় সেই নির্দিষ্ট মেয়াদে আর ওয়েবসাইটে জুয়া খেলতে পারবেন না।

5.2. প্রযুক্তিগত সামঞ্জস্য করার সুবিধা সাময়িকভাবে উপলভ্য না থাকলে, খেলোয়াড় support@4rabet.com-এ এই সংক্রান্ত অনুরোধ ইমেইল করতে পারেন।

5.3. কুলিং অফের সময়কালটি খেলোয়াড় কোম্পানির অফার করা কোনো একটি পণ্য, একাধিক পণ্য বা সমস্ত পণ্যের বিভাগে নির্বাচন করতে পারেন।

5.4. কুলিং অফ সময়কাল ও স্বেচ্ছা-বর্জনের মূল পার্থক্যগুলো নিম্নরূপ:

| **বিষয়** | **কুলিং অফ** | **স্বেচ্ছা-বর্জন** |
|---|---|---|
| উদ্দেশ্য | জুয়া খেলা থেকে সাময়িক বিরতি, এতে খেলোয়াড় অস্থায়ীভাবে জুয়া থেকে বিরত থাকতে পারেন | এটি দীর্ঘকালীন, অপরিবর্তনীয় বর্জন, যাতে জুয়া খেলার আসক্তিতে নিয়ন্ত্রণ ফিরে পাওয়া যায়। |
| সময়কাল | 24 ঘণ্টা, 7 দিন, 1 মাস, বা 3 মাস। | অন্তত 1 বছর |
| ফলাফল | খেলোয়াড় নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট গেমগুলোতে অংশ নিতে পারেন না। | খেলোয়াড় ওয়েবসাইটের কোনো জুয়া খেলায় অংশগ্রহণ করতে পারেন না। |

## 6. স্বেচ্ছা-বর্জন

6.1 খেলোয়াড় আমাদের প্ল্যাটফর্মে যেকোনো সময় প্রযুক্তিগত সামঞ্জস্যের মাধ্যমে নিজেকে জুয়া থেকে বিরত রাখতে পারেন।

6.1.1. প্রযুক্তিগত সামঞ্জস্য করার সুবিধা সাময়িকভাবে উপলভ্য না থাকলে, খেলোয়াড় support@4rabet.com-এ এই সংক্রান্ত অনুরোধ ইমেইল করতে পারেন।

6.2 খেলোয়াড় অন্তত 1 বছর জুয়া খেলা থেকে স্বেচ্ছায় বিরত থাকতে পারেন। স্বেচ্ছা-বর্জনের অনুরোধ জমা দিলে, তা সঙ্গে সঙ্গে কার্যকর হবে। খেলোয়াড় তার নির্বাচিত বর্জনের সময়কালের মধ্যে আর নিজের অ্যাকাউন্ট অ্যাক্সেস করতে পারবেন না অথবা অন্য কোনো জুয়া খেলার কার্যকলাপে অংশ নিতে পারবেন না।

6.3 খেলোয়াড় স্বেচ্ছা বর্জনের অনুরোধ করলে, সেই মেয়াদের মধ্যে আর তা ফিরিয়ে নেওয়া বা প্রত্যাহার করা যায় না। এই মেয়াদের মধ্যে খেলোয়াড়কে তার অ্যাকাউন্ট পুনরায় খুলতে বা নতুন কোনো অ্যাকাউন্ট তৈরি করতে দেওয়া হয় না।

6.4 স্বেচ্ছা বর্জন কার্যকর হয়ে গেলে:

1. খেলোয়াড়ের অ্যাকাউন্ট স্বেচ্ছা বর্জনের পুরো সময় লক করা থাকে।

2. কোম্পানি থেকে সমস্ত রকমের বিপণন সংক্রান্ত যোগাযোগ বন্ধ রাখা হয়। স্বেচ্ছা বর্জনের সময়কালে আমরা সব রকমের বিপণন ও প্রচারমূলক কার্যক্রমের তালিকা থেকে আপনার ডেটা সরিয়ে দেবো।
3. খেলোয়াড় জুয়ায় অর্থ জমা দিতে, বাজি ধরতে বা জুয়া সম্পর্কিত কোনো কার্যকলাপে জড়িত হতে পারবেন না।

6.5 স্বেচ্ছা বর্জনের সময়কাল শেষ হওয়ার পর খেলোয়াড় নিজের অ্যাকাউন্টে লগ ইন করলে, তাকে একটি পপ-আপে নিশ্চিত করতে বলা হয় তিনি সত্যিই অ্যাকাউন্ট ব্যবহার করা চালিয়ে যেতে চান কি না। খেলোয়াড় অ্যাকাউন্টের অ্যাক্সেস ফিরে পেলেও, দায়িত্ব সহকারে গেম খেলার জন্য তার অতিরিক্ত কিছু পর্যালোচনাও করা হয়।

## 7. সীমা

7.1 খেলোয়াড় নির্দিষ্ট সময়কালে কতটা অর্থ জমা দিতে পারবেন, তার নির্দিষ্ট সীমা আমাদের সাপোর্ট টিম support@4rabet.com-এ মেইল করে স্থির করতে পারেন। এই সীমা দৈনিক, সাপ্তাহিক বা মাসিক ভিত্তিতে প্রযোজ্য হয়ে থাকে।

7.2 নির্দিষ্ট সময়কালে খেলোয়াড় সর্বোচ্চ পরিমাণ অর্থ জমা দিয়ে ফেললে, তিনি আর সীমা রিসেট না হওয়া পর্যন্ত অতিরিক্ত অর্থ জমা দিতে পারবেন না। অর্থ জমা দেওয়ার সীমা কমিয়ে দেওয়ার অনুরোধ করলে, তা সঙ্গে সঙ্গে কার্যকরী হয়।

7.3 অর্থ জমা দেওয়ার সীমা বাড়ানোর অনুরোধ করলে, তা সাত দিনের আবশ্যিক অপেক্ষার সময়কাল শেষ হওয়ার পরে কার্যকর হয়। খেলোয়াড়কে দায়িত্বশীল সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্যই এই ব্যবস্থা করা হয়েছে।

## 8. আচরণ পর্যবেক্ষণ

8.1. আমাদের দায়িত্বশীলভাবে গেম খেলার কৌশলের একটি অপরিহার্য অঙ্গ হলো খেলোয়াড়ের আচরণ পর্যবেক্ষণ করা। আমরা সমস্যাজনক জুয়ার আচরণ শনাক্ত করার জন্য নিম্নলিখিত ডেটা পয়েন্ট ট্র্যাক ও বিশ্লেষণ করি:

### বাজি ধরার জন্য অর্থ জমা দেওয়া ও বাজি ধরার হার

অর্থ জমা দেওয়ার ধরন, বাজি ধরা বা গেমিং সেশন অনিয়মিত হলে বা হঠাত বৃদ্ধি পেলে, তা জুয়ার আসক্তির লক্ষণ হতে পারে।

### একাধিক পেমেন্ট পদ্ধতি ব্যবহার করা

বিভিন্ন পেমেন্ট পদ্ধতি ব্যবহার করার চেষ্টা করা, বিশেষত নির্ধারিত সীমা অতিক্রমের উদ্দেশ্যে এগুলো ব্যবহার করা হয়ে থাকলে।

### উত্তোলনের অনুরোধ প্রত্যাহার করা

খেলোয়াড় বারবার অর্থ উত্তোলনের অনুরোধ বাতিল বা প্রত্যাহার করলে, তা ক্ষতি পুনরুদ্ধার করা বা নিজের ওপর নিয়ন্ত্রণের অভাবকে দর্শায়।

### অতিরিক্ত সময় খেলা

কোনো বিরতি না নিয়েই দীর্ঘ গেমিং সেশন খেললে, তা খেলোয়াড়ের আসক্তি বা অনিয়ন্ত্রিত আচরণের দিকে ইঙ্গিত করে।

### গ্রাহক সহায়তা কেন্দ্রে যোগাযোগ বৃদ্ধি পাওয়া

খেলোয়াড় ঘন ঘন গ্রাহক সহায়তা কেন্দ্রে বোনাসের অনুরোধ, আর্থিক সমস্যা জানালে বা তার মধ্যে উদ্বেগজনক আচরণ দেখা গেলে

### দায়িত্ব সহকারে গেম খেলার বিভিন্ন টুল বারংবার সামঞ্জস্য করা

কোন কোন খেলোয়াড় অর্থ জমা দেওয়ার সীমা ক্রমাগত পরিবর্তন করেন বা কুলিং অফ সময়কাল ও স্বেচ্ছা বর্জনের মতো ফিচার ব্যবহার করেন

### অল্পবয়সী অতিরিক্ত ব্যয়কারী খেলোয়াড়

25 বছরের কম বয়সী খেলোয়াড় বিশেষত ক্যাসিনো বা ভার্চুয়াল গেমে যদি বেশ উল্লেখযোগ্য পরিমাণ ব্যয় করে, তাহলে তার ওপর নজর রাখা আবশ্যক।

### ক্রেডিট কার্ডের সীমা ছাড়িয়ে যাওয়া

কোন কোন খেলোয়াড় নিজেদের ক্রেডিট কার্ডের সীমায় পৌঁছে গেছেন এবং আরও অর্থ জমা দেওয়ার জন্য অতিরিক্ত কার্ড যোগ করার চেষ্টা করছেন।

### অবিশ্বাস্য খরচের প্যাটার্ন

খেলোয়াড়ের অতিরিক্ত খরচ করার আচরণ, যা তার জনতাত্ত্বিক প্রোফাইল বা পরিচিত আর্থিক পরিস্থিতির সাথে মেলে না।

### একাধিক অ্যাকাউন্ট খোলা

অর্থ জমা দেওয়া বা ক্ষতির সীমা অতিক্রম করার জন্য এবং কোনো বিধিনিষেধ ছাড়াই জুয়া খেলা চালিয়ে যাওয়ার জন্য একাধিক অ্যাকাউন্ট খোলার চেষ্টা।

8.2 আমরা উপরের সমস্যাজনক জুয়া আচরণের মধ্যে কোনোটি চিহ্নিত করলে, আমাদের সহায়তা দল নিম্নলিখিত পদক্ষেপ সহ বিভিন্ন ব্যবস্থা নিতে পারে:

1. খেলোয়াড়কে দায়িত্ব সহকারে খেলার বিভিন্ন টুল, যেমন অর্থ জমা দেওয়ার সীমা, টাইম-আউট ও স্বেচ্ছা বর্জনের মতো টুলের বিষয়ে জানাতে পারে।

2. প্রয়োজন হলে খেলোয়াড়ের অ্যাকাউন্টে অর্থ জমা দেওয়ার সীমা আরোপ করতে পারে অথবা অ্যাকাউন্টের অ্যাক্টিভিটির ওপর বিধিনিষেধ আরোপ করতে পারে।

3. খেলোয়াড়কে জুয়ার আসক্তি কাটানোর বিভিন্ন বাহ্যিক সংস্থার কাছে পাঠাতে পারে।

## 9. বিপণন ও বিজ্ঞাপন

9.1. কোম্পানি সমস্ত বিপণন, প্রচার ও বিজ্ঞাপন সংক্রান্ত কার্যক্রম দায়িত্ব সহকারে গেম খেলার নীতিমালার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ রাখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। কোম্পানি কুলিং-অফ বা স্বেচ্ছা বর্জনের সময়কালে ইমেইল, মেসেজ, বোনাস বা প্রোমোশনের মতো সরাসরি বিপণন কার্যক্রমে অংশগ্রহণ করে না।

9.2. কোম্পানি নিশ্চিত করে যে, তাদের বিজ্ঞাপন সত্যনিষ্ঠ, অতিরিক্ত জুয়া খেলায় উৎসাহ দেয় না এবং দুর্বল ব্যক্তিদের টার্গেট করা হয় না। কোম্পানির সহযোগী, ইনফ্লুয়েন্সার (সোশ্যাল মিডিয়া ও অন্যান্য প্ল্যাটফর্ম দুটোতেই), VIP প্রতিনিধি ও মার্কেটার সহ সমস্ত ব্যবসায়িক অংশীদারদের দায়িত্ব সহকারে গেম খেলার বিধি এবং বিজ্ঞাপন সংক্রান্ত প্রাসঙ্গিক সব প্রবিধান মেনে চলতে হবে।

9.3. কোম্পানি বিভ্রান্তিকর, অতিরঞ্জিত বা দায়িত্বজ্ঞানহীন বিজ্ঞাপন দেওয়া থেকে বিরত থাকে। এটি নিশ্চিত করতে, কোম্পানি বিভিন্ন মূল নীতি মেনে চলে:

9.3.1. বিজ্ঞাপন কখনোই অতিরিক্ত, বিভ্রান্তিকর বা আক্রমণাত্মক প্রকৃতির হবে না। এছাড়াও স্বেচ্ছা বর্জনের অধীনে থাকা খেলোয়াড়, জুয়া সংক্রান্ত সমস্যায় ভুগছেন এমন খেলোয়াড়, অপ্রাপ্তবয়স্ক বা আর্থিকভাবে দুর্বল ব্যক্তিদের টার্গেট করে বিপণন ও প্রচার করা যাবে না।

9.3.2. কোম্পানির নীতি অনুসারে, জুয়াকে আর্থিক লাভ বা আর্থিক সমস্যার সমাধানের উপায় হিসেবে উপস্থাপন করা নিষিদ্ধ। এছাড়াও, বিপণন বার্তায় উল্লেখ করা যাবে না যে সম্পূর্ণভাবে ভাগ্যের ওপর নির্ভরশীল গেমের ফলাফলকে দক্ষতার সাহায্যে প্রভাবিত করা সম্ভব। বিজ্ঞাপনে জুয়াকে চাপ, হতাশা, একাকীত্ব বা ব্যক্তিগত সমস্যা সমাধানের উপায় হিসেবে উপস্থাপন করা যাবে না।

9.3.3. উপরন্তু, বিপণন সংক্রান্ত কনটেন্টে কার্টুন, অ্যানিমেশন বা ভিজ্যুয়াল ব্যবহার করা যাবে না, যা দেখে শিশু বা অপ্রাপ্তবয়স্করা আকৃষ্ট হতে পারে। কোম্পানি প্রচারের কাজে এমন প্রভাবশালী, তারকা বা বিনোদনকারী ব্যক্তিদের ব্যবহার করে না, যাদের দেখে অপ্রাপ্তবয়স্করা আকৃষ্ট হতে পারে।

9.3.4. এছাড়াও, বিপণনের উপকরণে অপ্রাপ্তবয়স্কদের দেখানো যাবে না, বা তারা জুয়া খেলার সাথে যুক্ত রয়েছে এমন উপস্থাপনা করা যাবে না।

9.3.5. সমস্ত বোনাস অফার ও প্রচার স্বচ্ছ শর্তাবলী সহকারে স্পষ্টভাবে জানানো হয়। কোম্পানি জোরালো বোনাস প্রচারের মাধ্যমে অতিরিক্ত জুয়া খেলাতে উৎসাহ দেয় না।

## 10. দায়িত্ব সহকারে গেম খেলার ভারপ্রাপ্ত কর্মকর্তা

10.1. দায়িত্ব সহকারে গেম খেলার নীতি ও এই নীতির অধীনে আপনার অধিকার সম্পর্কে কোনও অভিযোগ থাকলে, support@4rabet.com-এ আমাদের দায়িত্ব সহকারে গেম খেলার ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।